

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশাসন-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www. mofood.gov.bd

নম্বর: ১৩.০০.০০০০.০০০.০১৩.২৮.০০০১.১৯.১০২০


তারিখ: ২৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

খাদ্য মন্ত্রণালয়ের 'প্রকৌশল সেল'-এর কার্যাবলি নিম্নরূপভাবে নির্ধারণ হলো:

- (ক) খাদ্য মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার সকল স্থাপনার ভূ-সম্পত্তি আধুনিক সফটওয়্যার ও যন্ত্রপাতির সমন্বয়ে জরিপ ও তদারকি করা এবং ভবন ও স্থাপনাসমূহের নকশাসহ তথ্যাদি ডিজিটালি কেন্দ্রীয় ডাটাবেজে সংরক্ষণ করা;
- (খ) নির্মাণধর্মী প্রকল্প/কর্মসূচির অবকাঠামো নির্মাণের স্থান নির্বাচন, সমীক্ষা পরিচালনা/যাচাই, ড্রয়িং-ডিজাইন, ব্যয় প্রাক্কলন পরীক্ষা/যাচাই এবং অনুমোদন প্রক্রিয়াকরণে সহায়তা করা;
- (গ) বিভিন্ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজের প্রকৌশলগত মান নিয়ন্ত্রণ ও অগ্রগতি সংক্রান্ত কাজ;
- (ঘ) নির্মাণ ও উন্নয়ন প্রকল্পের পূর্ত কাজের অনুমোদন প্রক্রিয়ার কারিগরি সহায়তা/পরামর্শ প্রদান;
- (ঙ) খাদ্য মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার নির্মাণধর্মী প্রকল্পের পিডিপিপি, ডিপিপি, আরডিপিপি, টিএপিপি ইত্যাদি পর্যালোচনা ও মূল্যায়নে কারিগরি সহায়তা প্রদান;
- (চ) আওতাধীন দপ্তর/সংস্থার নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিটের প্রকৌশল সংক্রান্ত কার্যাবলির মাসিক প্রতিবেদন গ্রহণ ও মূল্যায়ন;
- (ছ) মাঠ পর্যায়ে উন্নয়ন প্রকল্পের প্রকৌশলগত দিক তদারকি, অগ্রগতি পরিদর্শন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে সুপারিশ/অবহিত করা;
- (জ) উন্নয়ন প্রকল্পের সম্ভবত্যা যাচাই ও প্রকল্পের প্রাক্কলন পরীক্ষাকরণ;
- (ঝ) উন্নয়ন প্রকল্প ও রাজস্ব বাজেটের আওতায় গৃহীত প্রকল্প/কর্মসূচির প্রকৌশলগত দিক পর্যালোচনা ও সমন্বয় সাধন করা;
- (ঞ) সমাপ্তকৃত প্রকল্পসমূহের সার্বিক প্রকৌশলগত দিক মূল্যায়ন;
- (ট) মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচির সভায় অংশগ্রহণ ও প্রয়োজনীয় কারিগরি মতামত প্রদান;
- (ঠ) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বাবলি।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



১০-১১-২০২৫

মোঃ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
+৮৮০২৫৫১০১২৪০ (ফোন)
+৮৮০২৯৫১৫০২৪ (ফ্যাক্স)
admin1@mofood.gov.bd

নম্বর: ১৩.০০.০০০০.০০০.০১৩.২৮.০০০১.১৯.১০২০/১ (৯)

তারিখ: ২৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ৩। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
- ৫। উপসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
- ৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
- ৭। সিনিয়র সহকারী সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
- ৮। সহকারী সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
- ৯। সহকারী প্রকৌশলী/সহকারী প্রোগ্রামার/হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল), খাদ্য মন্ত্রণালয়।



১০-১১-২০২৫

মোঃ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)